

Telephone Conversation between Prime Minister Shri Narendra Modi and Prime Minister of Australia, Hon Scott Morrison MP

May 07, 2021

অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী মিঃ স্কট মরিশনের সঙ্গে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী টেলিফোনে কথা বলেছেন

মে 07, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী মিঃ স্কট মরিশনের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন।

কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউয়ের বিরুদ্ধে ভারতের লড়াইয়ের জন্য অস্ট্রেলিয়া সরকার এবং সেদেশের জনসাধারণ যেভাবে দ্রুততার সঙ্গে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন প্রধানমন্ত্রী তার জন্য প্রশংসা করেছেন।

উভয় নেতা বিশ্বজুড়ে কোভিড-১৯এর মোকাবিলা করার জন্য সকলে যাতে স্বল্প মূল্যে টিকা এবং ওষুধ পান সেটি নিশ্চিত করার বিষয়ে সহমত পোষণ করেন। এই প্রেক্ষিতে ভারত ও দক্ষিণ আফ্রিকা বিশ্ব বাণিজ্য সংস্থায় ট্রিপস-এর আওতায় সাময়িক ছাড়ের যে উদ্যোগ নিয়েছে, প্রধানমন্ত্রী তাতে অস্ট্রেলিয়ার সমর্থন চেয়েছেন।

ভারত ও অস্ট্রেলিয়ার মধ্যে চৌঠা জুন ভার্চুয়াল শীর্ষ সম্মেলনের পর দু-দেশের সর্বাঙ্গীণ কৌশলগত অংশীদারিত্বের অগ্রগতি সম্পর্কে উভয় নেতা আলোচনা করেছেন এবং সহযোগিতাকে আরও দৃঢ় করতে ও জনসাধারণের মধ্যে যোগাযোগ গড়ে তুলবার বিভিন্ন পদ্ধতি নিয়ে তাঁরা আলোচনা করেছেন।

উভয় নেতা আঞ্চলিক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনার পাশাপাশি নিয়ম মেনে আন্তর্জাতিক ব্যবস্থা এবং একটি মুক্ত ও সমন্বিত ভারত প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের জন্য একযোগে কাজ করার গুরুত্বের বিষয়ে তাঁদের অঙ্গীকার আবারও ব্যক্ত করেছেন।

নিউ দিল্লি

মে 07, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.